

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.২৫.০৩২.২০.৫৬৬

তারিখ: ০৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
২২ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

পরিপত্র

ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন ব্যবস্থাপনা বিভাগের মাঠ পর্যায়ের ১১ ও ১২ গ্রেডভুক্ত ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তাগণের নিয়োগ, আন্তঃবিভাগ বদলি এবং শৃঙ্খলাজনিত কার্যক্রম বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের ০৫/০৮/২০২১ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.৫৮.০৩৭.১৫-১৫০ নম্বর পরিপত্র এবং ২০/০৯/২০২০ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.২৫.০৩২.২০.৩৬৬ নম্বর স্মারকাদেশে জারিকৃত আদেশটি আংশিক সংশোধনক্রমে নিম্নরূপভাবে ক্ষমতা অর্পণ করা হলো:

ক্রম	গ্রেড	পদ	কার্যক্রম	কর্তৃপক্ষ	আপীল কর্তৃপক্ষ
৩.	১১ ও ১২ গ্রেড	ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা	সরাসরি/পদোন্নতির মাধ্যমে নিয়োগ	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (মাঠ প্রশাসন), ভূমি মন্ত্রণালয়	
			শৃঙ্খলাজনিত কার্যক্রম	সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার	সচিব/সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়
			পদোন্নতি ও আন্তঃবিভাগ বদলি	সচিব/সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়	

(২) পূর্বে জারিকৃত পরিপত্র অনুযায়ী শৃঙ্খলা বিষয়ে যে সকল আদেশ প্রদান করা হয়েছে তা বৈধ বলে গণ্য হবে এবং আদেশসমূহের আপিলের ক্ষেত্রে পূর্বের পরিপত্র/বিধি-বিধান প্রযোজ্য হবে। তবে শৃঙ্খলা বিষয়ে অনিষ্পত্তিকৃত মামলাসমূহের ক্ষেত্রে এ আদেশ জারির তারিখ হতে এ আদেশ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।

(৩) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের গুরুদণ্ড প্রদানের এখতিয়ার সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষের। বর্ণিত কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে গুরুদণ্ড প্রযোজ্য হবে মর্মে প্রতীয়মান হলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অভিযোগনামা ও অভিযোগ বিবরণীসহ মামলার নথি নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।

(৪) ভূমি মন্ত্রণালয়ের ০৫/০৮/২০২১ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.৫৮.০৩৭.১৫-১৫০ নম্বর পরিপত্র এবং ২০/০৯/২০২০ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.২৫.০৩২.২০.৩৬৬ নম্বর স্মারকাদেশে জারিকৃত আদেশটির অন্যান্য বিষয়াদি অপরিবর্তিত থাকবে।

(৫) প্রশাসনিক প্রয়োজনে মন্ত্রণালয় যে কোন আদেশ প্রদানের ক্ষমতা সংরক্ষণ করে।

  
২২/১১/২০২০  
(মোঃ খালিলুর রহমান)  
সচিব  
ভূমি মন্ত্রণালয়  
ফোন: +৮৮০২৯৫৪৫১৩১

ই-মেইল: secretary@minland.gov.bd

